যুগান্তর

তারিখ: 12 JUL 2009
পৃষ্ঠা: ১৬ কলাম: ৫

সৃজনশীল প্রশ্ন পদ্ধতির পরীক্ষা

# শিক্ষক প্রশিক্ষণসহ প্রস্তুতি খতিয়ে দেখতে কমিটি গঠন

যুগান্তর রিপোর্ট

আগামী বছরের এসএসসি পরীক্ষায় নতুন পদ্ধতি 'সৃজনশীল' প্রশ্নপত্র পদ্ধতি'র ব্যাপারে শিক্ষক প্রশিক্ষণসহ অন্যান্য প্রস্তুতি খতিয়ে দেখার লক্ষ্যে সরকার একটি 'মূল্যায়ন ও পরামর্শক কমিটি' গঠন করেছে। অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদকে প্রধান করে গঠিত কমিটি সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকদের প্রশিক্ষণের মান ও কার্যকারিতার নিরপেক্ষ মূল্যায়ন করে প্রয়োজনীয় সুপারিশ দেবেন। এদিকে ২০১১ সালে মাধ্যমিকের পাশাপাশি মাদ্রাসা এবং কারিগরিতেও এই পদ্ধতি বাস্তবায়ন হবে। ওই বছর

কমিটি : পৃষ্ঠা ১০ : কলাম ৩

## কমিটি : শিক্ষক

(১৬ পৃষ্ঠার পর)

মাদ্রাসার দাখিল পরীক্ষায় বাংলা ও ইসলামের ইতিহাস, এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে বাংলা প্রথম পত্র ও ধর্ম শিক্ষা বিষয়ের পরীক্ষা সৃজনশীল প্রশ্ন পদ্ধতিতে নেয়ার সিদ্ধান্ত রয়েছে। কিন্তু ওই দু'ধারার একটিতেও একজন শিক্ষকও প্রশিক্ষণ পাননি। গঠিত কমিটির কার্যপরিধিতে এই দু'টি ধারার ব্যাপারে কোন দিক-নির্দেশনা নেই। ফলে বিষয়টি নিয়ে সংশ্লিষ্ট মহলে মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। এ ব্যাপারে মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (মাদ্রাসা-কারিগরি) কেএম মোজাম্মেল হকের কাছে জানতে চাইলে তিনি বলেন, অচিরেই মাদ্রাসা শিক্ষকদের প্রশিক্ষণ শুরু হবে। এজন্য বাস্তবায়নকারী প্রকল্প এসইএসডিপিকে নির্দেশ দেয়া হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সূত্র জানায়, সৃজনশীল প্রশ্ন পদ্ধতি চালু করার লক্ষ্যে মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ১৮ হাজার ৩৬৪ জন প্রধান শিক্ষক এবং ১ লাখ ২২ হাজার শ্রেণী শিক্ষককে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ দানসহ সৃজনশীল প্রশ্ন প্রণয়ন, পরিমার্জন ও উত্তরপত্র মূল্যায়ন বিষয়ে দেশের ৮টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কর্তৃক নির্বাচিত ১২শ' জন শিক্ষকের বিশেষ প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।

জানা গেছে, গত সোমবার এই কমিটি গঠন করা হয়েছিল। তবে বুধবার তা প্রকাশ করা হয়। সরকার গঠিত মূল্যায়ন কমিটির অন্য সদস্যরা হচ্ছেন— ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোঃ ইব্রাহীম, শাহ জালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মুহম্মদ জাফর ইকবাল, শাহ জালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক ড. সফিউদ্দিন আহমেদ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের (মাউশি'র) মহাপরিচালক নোমানুর রশিদ ও জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড সদস্য (পাঠ্যপুস্তক) শফিকুর রহমান।

এ কমিটির কর্মপরিধির মধ্যে রয়েছে, সৃজনশীল প্রশ্ন-পদ্ধতি বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত প্রধান শিক্ষক ও বিষয়ভিত্তিক শিক্ষকদের প্রশিক্ষণ মান ও তার কার্যকারিতা মূল্যায়ন, প্রশিক্ষণপ্রাপ্ত সৃজনশীল প্রশ্ন প্রণয়ন, পরিমার্জন ও উত্তরপত্র মূল্যায়নকারী শিক্ষকদের প্রশিক্ষণ মান, লব্ধ জ্ঞান ও দক্ষতা মূল্যায়ন এবং সৃজনশীল প্রশ্ন-পদ্ধতি প্রবর্তনের ক্ষেত্রে শিক্ষকদের প্রশিক্ষণদান বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ প্রদান। কমিটিকে আগামী এক মাসের মধ্যে তাদের সুপারিশ পেশ করতে নির্দেশ দেয়া হয়েছে।